কালের কণ্ঠ

তারিখ ... 11 FEB 2015
পৃষ্ঠা ৬ কলাম ৭

### জাতীয় বিশ্ববিদ্যালয়

# সমাবর্তনের দাবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

নিজস্ব প্রতিবেদক ▷

জাতীয় বিশ্ববিদ্যালয়ে সমাবর্তনের দাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। গতকাল মঙ্গলবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে রাজধানীর বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা এ মানববন্ধনে অংশ নেয়। ৩০ দিনের মধ্যে সমাবর্তন অনুষ্ঠানের ব্যবস্থা না নিলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেয় শিক্ষার্থীরা।

সমাবর্তনের দাবিতে দুই দফা কর্মসূচিও ঘোষণা করা হয়। এর মধ্যে রয়েছে আগামী ১০ মার্চ দেশের প্রতিটি কলেজে মানববন্ধন এবং ওই দিন ক্লাস বর্জন। এ ছাড়া আগামী ১৮ মার্চ জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর প্রধান ক্যাম্পাসের সামনে মানববন্ধন এবং গণস্বাক্ষর সংগ্রহ করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর স্মারকলিপি দেওয়া হবে বলে শিক্ষার্থীরা জানায়।

শিক্ষার্থীরা জানায়, বাংলাদেশের সবচেয়ে বড় বিশ্ববিদ্যালয় হচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়। এর অধীনে সরকারি ও বেসরকারি কলেজে ২১ লাখেরও বেশি শিক্ষার্থী পড়াশোনা করে। প্রত্যেক শিক্ষার্থী চায় সমাবর্তনের মতো একটি মুহূর্তের সাক্ষী হতে। কিন্তু ১৯৯২ সালে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হলেও এখন পর্যন্ত কর্তৃপক্ষ কোনো সমাবর্তনের মাধ্যমে শিক্ষার্থীদের প্রাপ্য সম্মান দেয়নি।